

আনন্দ হাউজিং সোসাইটি

২য় পর্যায়

লটারী অনুষ্ঠানের পদ্ধতি

১. লে-আউট প্ল্যান প্রণয়নের সুবিধার্থে ২য় পর্যায়ের সমস্ত জমি প্লটের আয়তন অনুযায়ী কয়েকটি জোনে ভাগ করা হয়েছে। অর্থাৎ ৬ কাঠার সমস্ত প্লট একটি জোনে, ৫ কাঠার জন্য একটি জোন, এভাবে ৪ কাঠা ও ৩ কাঠার জন্য পৃথক পৃথক জোন নির্ধারণ করা হয়েছে।
২. জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার স্বার্থে ৬ কাঠা ও ৫ কাঠার সেক্টরে কয়েকটি ৪ ও ৩ কাঠার প্লট রয়েছে।
৩. সমিতির ঘোষিত নীতিমালা অনুসারে যাদের একাধিক প্লট রয়েছে তাঁরা তাঁদের প্লট সমূহ একত্রে নিতে পারবেন। এছাড়া বন্ধু/আত্মীয়বর্গ তাদের প্লট সমূহ একত্রে নিতে পারবেন। যারা ইতোমধ্যে প্লট সমূহ একত্রে নেওয়ার জন্য আবেদন করেছেন কেবল মাত্র তাঁদের প্লটই এভাবে বরাদ্দ দেওয়া হবে। নির্ধারিত সময় সীমার পর আবেদনকৃত অনুরোধ বিবেচনা করা সম্ভব হবে না।

লটারী অনুষ্ঠানের নিয়মঃ

১. প্রথমে ৬ কাঠার জন্য লটারী হবে। এরপর ৫ কাঠা, ৪ কাঠা, ৩ কাঠার লটারী হবে।
২. (লটারী অনুষ্ঠান কালে) যাদের প্লট সংখ্যা সবচেয়ে বেশী তাঁদের ড্র প্রথমে অনুষ্ঠিত হবে। প্লটের সর্বোচ্চ সংখ্যা থেকে সর্ব নিম্ন ক্রমানুসারে ড্র হবে। যেমন কোন সদস্যের যদি ৮টি প্লট থাকে এবং সেটাই সর্বোচ্চ হয় তবে তাঁর ড্র আগে হবে। এরপর ৭টি প্লটের মালিকদের ড্র হবে। এরপর ৬টি প্লটের মালিকদের ড্র হবে। এভাবে ক্রমান্বয়ে চলতে থাকবে।
৩. একাধিক প্লটের মালিকের ক্ষেত্রে (একসাথে প্লট নেওয়ার ক্ষেত্রে) লটারীতে প্রথমে যে প্লটটি তাঁর নামের বিপরীতে উঠবে সেটি তাঁর হবে। তাঁর ২য় প্লটটি হবে সরাসরি পিছনের প্লট। ৩য় প্লটটি হবে তাঁর ১ম প্লটের ডানের প্লট (খালি থাকা সাপেক্ষে), ঐ প্লটটি খালি না থাকলে বামের প্লটটি হবে তাঁর। ৪র্থ প্লটটি হবে ৩য় প্লটের সরাসরি পিছনের দিকে। একইভাবে ৫ম ৬ষ্ঠ বা যে কোন সংখ্যক প্লটের অবস্থান নির্ধারিত হবে।
৪. যদি কোন সদস্যের ক্ষেত্রে উক্তরূপে বরাদ্দ সম্ভব না হয় তবে পুনরায় লটারী করা হবে। যতক্ষণ পর্যন্ত সম্ভব না হবে ততক্ষণ পর্যন্ত লটারী করা হবে।
৫. এক আয়তনের সমস্ত প্লটের জন্য শুরু থেকে শেষ পর্যন্ত একটি নির্দিষ্ট ক্রমিক সংখ্যা দেওয়া থাকবে। উদাহরণ স্বরূপ- ৪ কাঠা আয়তনের মোট প্লট সংখ্যা ৫৬ টি হলে এই ৫৬ টি প্লটের জন্য ১ থেকে ৫৬ পর্যন্ত ক্রমিক দেওয়া থাকবে। একই ভাবে ৬ কাঠা, ৫ কাঠা ও ৩ কাঠার জন্যও নিজস্ব ক্রমিক নির্ধারিত থাকবে।

৬. প্রতিটি প্লট সাইজের প্লটের মালিকানা (১টি, ২টি, ৩টি বা ৪টি ইত্যাদি) অনুযায়ী পৃথক পৃথক করা হবে। যেমন ৫ কাঠার লটারী ড্রয়ের সময় ৫ কাঠার সর্বোচ্চ সংখ্যক প্লট (যেমন ১০টি) যাদের আছে তাঁদের জন্য একটি গ্রুপ করা হবে। এ গ্রুপের সদস্যদের জন্য নিজস্ব ক্রমিক দিয়ে লটারী হবে। তাদের লটারী শেষে পরবর্তী সর্বোচ্চ (যেমন ৯টি প্লটের মালিকদের) প্লট মালিকদের গ্রুপের জন্য আলাদা ক্রমিক দিয়ে ড্র হবে। এভাবে প্রতিটি প্লট সাইজের জন্য মালিকানা অনুযায়ী আলাদা গ্রুপ তৈরী করে নিজ নিজ গ্রুপের আলাদা সিরিয়াল করা হবে এবং প্রত্যেক গ্রুপের জন্য আলাদা আলাদা লটারী হবে।


বন্ধু বা আত্মীয় যখন একত্রে প্লট নিতে চান তখন তাঁদেরকে একজন মালিক হিসেবে বিবেচনা করা হবে এবং তাঁদের সকলের জন্য একটি লটারী হবে। প্লটের সংখ্যা অনুসারে যে গ্রুপে পড়বে সে গ্রুপে তাঁদের লটারী হবে।

৭. একজন সদস্যের দুইটি ভিন্ন আয়তনের প্লট থাকলে তাঁর প্লট দুইটি একত্রে দেওয়া সম্ভব হবে না।

৮. লটারীর স্থলে একটি বড় লে-আউট প্ল্যান থাকবে লটারীর ড্র এর সাথে সাথে এর ফলাফল ঐ লেআউট প্লটে রেকর্ড করা হবে। লটারী শেষে সকল প্লট মালিকদের লটারীর ফলাফল লিখিতভাবে প্রদান করা হবে।


লটারী ক্রম

প্রথমে ৬ কাঠার প্লট মালিকদের প্লট সংখ্যার উপর ভিত্তি করে বিভিন্ন গ্রুপে ভাগ করা হবে। প্রত্যেক গ্রুপের জন্য আলাদা ড্র হবে। ড্র এর ক্রম নিম্নরূপ হবে।



এভাবে ৫ কাঠার জন্য ৩ টি, ৪ টি বা যে কয়টি প্রয়োজন সে কয়টি গ্রুপের জন্য পৃথক পৃথক ভাবে লটারী হবে। ৬ কাঠার পর ৫ কাঠা, ৪ কাঠা ও ৩ কাঠার লটারী হবে।

লটারী অনুষ্ঠান



- প্রথমে ১ম পাত্র থেকে কুপন তোলা হবে।
- ১ম পাত্র থেকে কুপন তোলার পর ২য় পাত্র থেকে কুপন তোলা হবে। ২য় কুপনে লেখা প্লটটি হবে তার প্লট
- একাধিক প্লটের মালিকদের যারা একত্রে প্লট নিতে চান তাঁদের লটারীর ক্ষেত্রে ২য় পাত্র থেকে যে কুপনটি উঠানো হবে সে কুপনের প্লটের পিছনের প্লটটি হবে তাঁর ২য় প্লট। ৩য় প্লটটি ডানের প্লট। ডানের প্লট না থাকলে বামের প্লট হবে তাঁর। ৪র্থ প্লটটি হবে ৩য় প্লটের পিছনের প্লট। ৫ম প্লট টি হবে ৩য় প্লটের ডানে অথবা বামে। ৬ষ্ঠ প্লটটি হবে ৫ম প্লটটির পিছনে।